



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
“কৃষি ভবন”
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
(আলুবীজ বিভাগ)

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.০৬.০০০০.২৭৬.০৬.০০৪.২০২১-৪৪৬৫

তারিখ : ২৮ ডিসেম্বর ২০২৫

“বিজ্ঞপ্তি”

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক ২৮ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত “ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি” এর সভার সিদ্ধান্তক্রমে ২০২৪-২৫ উৎপাদন বর্ষে বিএডিসি কর্তৃক উৎপাদিত ও সংরক্ষিত এবং ২০২৫-২৬ বিতরণ বর্ষে বিপণনযোগ্য বিভিন্ন জাত, শ্রেণি ও হেড ভিত্তিক আলুবীজের বিক্রয়মূল্য ডিলার ও চাষি পর্যায়ে নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য যে, পুনঃনির্ধারিত বিক্রয়মূল্য ২৮/১২/২০২৫ খ্রি: তারিখের পূর্বে বিক্রীত ও সরবরাহকৃত আলুবীজের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

বীজের শ্রেণী	জাত	২০২৫-২৬ বর্ষে “ভাড়া ও মূল্য নির্ধারণ কমিটি” কর্তৃক জাত, শ্রেণি ও হেড ভিত্তিক পুনঃনির্ধারিত বিক্রয়মূল্য (টাকা/কেজি)	
		ডিলার পর্যায়ে	চাষি পর্যায়ে
		সকল শ্রেণি, জাত ও হেড	সকল শ্রেণি, জাত ও হেড
সকল শ্রেণী	সকল জাত	১১.০০	১২.০০

পুনঃনির্ধারিত মূল্যে বিক্রির জন্য নিম্নলিখিত শর্তাবলী প্রযোজ্য হবে-

- অবিক্রিত আলুবীজ সংস্থার বিভিন্ন হিমাগারে সংরক্ষিত আছে যা বিএডিসি'র নিবন্ধিত বীজ ডিলারদের নিকট বিক্রি করতে হবে।
- পুনঃনির্ধারিত দরে আলুবীজ বিক্রয়ের ক্ষেত্রে ৪০ কেজি বস্তা ব্যবহার করতে হবে।
- অবিক্রিত আলুবীজ বিক্রি ত্বরান্বিত করার স্বার্থে বিজ্ঞপ্তি প্রকাশের দিন থেকেই ডিলার পর্যায়ে আলুবীজ বিক্রি কার্যক্রম উন্মুক্ত থাকবে। যাতে বিএডিসি'র নিবন্ধিত যে কোন বীজ ডিলার দেশের যে কোন অঞ্চল থেকে বীজ উত্তোলন এবং দেশের যে কোন জায়গায় বীজ বিপণন করতে পারে। সেক্ষেত্রে বিএডিসি'র নিবন্ধিত যে কোন বীজ ডিলারকে “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে আলুবীজ সরবরাহ করতে হবে। বিষয়টি উপপরিচালক (টিসি) ও বরাদ্দপ্রাপ্ত উপপরিচালক (বীবি) পরস্পর সমন্বয়পূর্বক সমুদয় বীজ বিক্রয় নিশ্চিত করবেন।
- অবিক্রিত আলুবীজ বিক্রির জন্য মাঠ পর্যায়ে ব্যাপক প্রচার-প্রচারণা চালাতে হবে।
- আলুবীজ বিক্রির সময় সরকার নির্ধারিত হারে (পরিপত্র অনুযায়ী) উৎসে কর কর্তন করে যথাসময়ে সরকারি কোষাগারে জমাদানের ব্যবস্থা নিতে হবে।
- আলুবীজ বিভাগের স্মারক নং-১২.০৬.০০০০.২৭৬.০৬.০০৪.২০২১-১০০১; তারিখ ২২ ডিসেম্বর ২০২৫ অনুযায়ী গঠিত যাচাই টিমের মজুদ যাচাই পত্রের ভিত্তিতে পুনঃনির্ধারিত মূল্যে অবিক্রিত আলুবীজ বিক্রি করতে হবে।

২। উক্ত বিক্রয়মূল্য অবিলম্বে কার্যকর হবে। এতে উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

মো: আবীর হোসেন ২৮/১২
মহাব্যবস্থাপক (বীজ) ২৫
বিএডিসি, ঢাকা।

তারিখ : ২৮ ডিসেম্বর ২০২৫

স্মারক নং-১২.০৬.০০০০.২৭৬.০৬.০০৪.২০২১-৪৪৬৫

অনুলিপি : সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
- ০৩। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
- ০৪। সচিব, বিএডিসি, ঢাকা।
- ০৫। মহাব্যবস্থাপক (বীজ/ পাটবীজ/ এএসসি/ উদ্যান/ সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
- ০৬। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/ বীজ বিতরণ/ বীপস/ কংগ্রেস), বিএডিসি, ঢাকা।
- ০৭। যুগ্মপরিচালক (বীজ বিপণন), বিএডিসি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/বরিশাল/সিলেট।
- ০৮। যুগ্মপরিচালক (মান নিয়ন্ত্রণ), বিএডিসি, ঢাকা।
- ০৯। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা। বিজ্ঞপ্তিটি কৃষি সমাচারে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১০। সেল ইনচার্জ, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা। বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। উপপরিচালক (টিসি/বীবি), বিএডিসি, (সকল)।
- ১২। উপপরিচালক (মান নিয়ন্ত্রণ), বিএডিসি, ঢাকা/রংপুর/যশোর।
- ১৩। উপপরিচালক (খামার), ভিত্তি বীজআলু উৎপাদন খামার, বিএডিসি, ডোমার, নীলফামারী।
- ১৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
- ১৫। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/ সার ব্যবস্থাপনা/ অর্থ/ ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
- ১৬। অফিস কপি।

এ কে এম শূকল ইসলাম ২০২৫
অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলুবীজ)
আলুবীজ বিভাগ, বিএডিসি, ঢাকা।